দৈনিক বাংলা

তাং ... 27 APR. 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ...

212

# অস্ত্রধারীদের গ্রেফতার করে চট্টগ্রাম ভার্সিটি খুলে দিন : ছাত্রঐক্য

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় গত ২৪শে এপ্রিল খুলে দেবার কথা থাকলেও সরকারী নির্দেশে পুনরায় তা বন্ধ করে দেয়ায় সর্বদলীয় ছাত্রঐক্য গভীর উদ্বেগ প্রকাশ করেছে।

গতকাল ছাত্রনেতা শফী আহমেদ স্বাক্ষরিত সর্বদলীয় ছাত্রঐক্যের এক বিবৃতিতে বলা হয় বিশ্ববিদ্যালয়ের

(৫-এর পৃঃ দ্রঃ)

## ছাত্রঐক্য

(প্রথম পৃষ্ঠার পর)

হলসমূহে অবৈধ অস্ত্রধারী ও বহিরাগতদের অনুপ্রবেশ এবং হলসমূহের অবস্থান নিয়ন্ত্রণে ব্যর্থতা পুলিশী নিষ্ক্রিয়তার পরিচায়ক। এই অবস্থায় অস্ত্রধারীদের গ্রেফতার না করে বিশ্ববিদ্যালয় পুনরায় বন্ধ করার নির্দেশ প্রকারান্তরে অস্ত্রধারীদের কাছে মাথা নত করার শামিল। বরং এতে জামাত-শিবির চক্রের অশুভ তৎপরতার ক্ষেত্র প্রস্তুত হয়েছে।

সর্বদলীয় ছাত্রঐক্য অবিলম্বে অস্ত্রধারীদের গ্রেফতার করে বিশ্ববিদ্যালয় খুলে দেবার দাবী জানিয়েছে। পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসনের উপর হস্তক্ষেপ না করার জন্যও বিবৃতিতে সরকারের প্রতি আহ্বান জানানো হয়। খবর প্রেস বিজ্ঞপ্তির।